

তারিখ : ৩১-০৮-২০০৬।

নং-এমসি/টিও-২/এ-৭/২০০১/২৫৮

প্রতি : সভাপতি,  
বাংলাদেশ গার্মেন্ট ব্যায়িং হাউজ এসোসিয়েশন  
হাউজ নং ৪৬৬ (৪র্থ তলা), রোড নং ৩১, নিউ ডিওএইচএস,  
মহাখালী, ঢাকা ১১০০।

বিষয় : বাণিজ্য সংগঠন অধ্যাদেশ ১৯৬১ এর (৩) (২) (ডি) ধারার অধীনে “বাংলাদেশ গার্মেন্ট ব্যায়িং হাউজ এসোসিয়েশন” এর অনুকূলে টি, ও লাইসেন্স প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আদিষ্ট হইয়া উপরোল্লিখিত বিষয়ে আপনার ১৭-০৫-২০০৫ তারিখের আবেদনের প্রেক্ষিতে জ্ঞাত করা যাইতেছে যে, বাণিজ্য সংগঠন অধ্যাদেশ ১৯৬১ এর ৩ (২) (ডি) ধারার বিধান বলে সরকার “বাংলাদেশ গার্মেন্ট ব্যায়িং হাউজ এসোসিয়েশন” এর নামে লাইসেন্স মঞ্জুর করিয়াছে। এক্ষণে এই সমিতিকো কোম্পানী আইন, ১৯৯৪ এর ২৮ ধারার অধীনে একটি কোম্পানী হিসাবে যৌথ মূলধন কোম্পানী ও ফার্মসমূহের পরিদপ্তরে প্রয়োজনীয় নিবন্ধিকরণের জন্য পদক্ষেপ গ্রহণ করা যাইতে পারে।

২.০ লাইসেন্সে উল্লিখিত শর্তাবলীসহ নিম্নলিখিত শর্ত সাপেক্ষে এই লাইসেন্স মঞ্জুর করা হইল :

(ক) সংঘস্মারক ও সংঘবিধি যৌথ মূলধন কোম্পানী ও ফার্মসমূহের পরিদপ্তর কর্তৃক পরীক্ষা-নিরীক্ষার পর মন্ত্রণালয়ে আবেদন পরীক্ষা করে পরিবর্তিত আকারে সরকার অনুমোদন করিয়াছে। ইহা ছাড়া প্রয়োজনে উহাতে কর্তৃপক্ষ কর্তৃক যে কোন সংশোধন/পরিবর্তন করা যাইতে পারে।

(খ) লাইসেন্স প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে সমিতিকো উপরের নির্দেশমতে নিবন্ধিকরণসহ ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই) এর সদস্য ভুক্তির জন্য দরখাস্ত করিতে হইবে।

(গ) নিবন্ধিকরণের পর এক মাসের কম নয় বা তিন মাসের অধিক নয় এই সময়ের মধ্যে সমিতির প্রথম সাধারণ সভা অনুষ্ঠান করিতে হইবে এবং ৬ (ছয়) মাসের মধ্যে নির্বাচনের মাধ্যমে পূর্ণাঙ্গ নির্বাহী কমিটি গঠন করিতে হইবে।


(ঘ) যৌথ মূলধন কোম্পানী ও ফার্মসমূহের নিবন্ধকের পরিদপ্তরে নিবন্ধিকরণের পূর্বে সমিতিকো কোম্পানী আইন, ১৯৯৪, বাণিজ্য সংগঠন অধ্যাদেশ ১৯৬১ এবং ইহার আওতাধীন প্রয়োজনীয় শর্তাবলী পূরণ করিতে হইবে।

(ঙ) উল্লিখিত শর্তাবলীর যে কোন একটি পূরণ করা না হইলে বিনা নোটিশে লাইসেন্স বাতিল করা হইবে।

৩.০ যৌথ মূলধন কোম্পানী ও ফার্মসমূহের নিবন্ধকের পরিদপ্তরে নিবন্ধিত হওয়ার পর সংঘস্মারক ও সংঘবিধির এক কপি (উক্ত অফিস কর্তৃক সত্যায়িত) এবং তদসহ নিবন্ধিকরণ প্রত্যায়ন পত্রের দুইটি ফটোকপি অত্র মন্ত্রণালয়ে দাখিল করিবার জন্য এতদ্বারা নির্দেশ দেওয়া হইল।

৪.০ উপরে বর্ণিত লাইসেন্স এতদসঙ্গে সংযোজিত করিয়া উহার প্রাপ্তি স্বীকার করিবার জন্য অনুরোধ করা হইল।

আপনার বিশ্বাস্ত,

  
(মাহবুবুরা মশকুর)  
উপ-সচিব

ও  
পরিচালক, বাণিজ্য সংগঠন

নং-এমসি/টিও-২/এ-৭/২০০১/

তারিখ : ৩১-০৮-২০০৬।

অনুরূপিত :

- ১। নিবন্ধক, যৌথ মূলধন কোম্পানী ও ফার্মসমূহের পরিদপ্তর, ২৪-২৫, দিলকুশা বাও, ঢাকা-লাইসেন্সের একটি কপি উপরে বর্ণিত সংঘস্মারক ও সংঘবিধির কপিসহ তাহার অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য ঘোষিত হইল।
- ২। সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ৬০ মতিঝিল বা/এ, ঢাকা।
- ৩। রেজা প্রশাসক, ঢাকা।

(যো: জাহাঙ্গীর আলম)  
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাণিজ্য মন্ত্রণালয়  
টিও- ২ শাখা।

লাইসেন্স নং- ২৫/২০০৬

তারিখ : ৩১-০৮-২০০৬।

১৯৬১ সনের বাণিজ্য সংগঠন অধ্যাদেশের ৩ (২) (ডি) নং ধারার ক্ষমতাবলে প্রদত্ত।

যেহেতু, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট সন্তোষজনকভাবে প্রমাণিত হইয়াছে যে, “বাংলাদেশ গার্মেন্ট বায়িং হাউজ এসোসিয়েশন” নামে একটি সমিতি ব্যবসা, বাণিজ্য অথবা উহাতে নিয়োজিত কোন দল, গোষ্ঠি বা শ্রেণীকে যে কোন উপায়ে এবং যে কোন পর্যায়ে প্রতিনিধিত্ব করিবার উদ্দেশ্যে গঠিত হইতে যাইতেছে, এবং

যেহেতু উক্ত সমিতিকে অর্জিত লাভ এবং অন্যান্য আয় কেবলমাত্র সমিতির উদ্দেশ্যাবলীর উন্নতি সাধনকল্পে ব্যয়িত হইবে এবং উহার সদস্যগণের মধ্যে উক্ত লাভ লভ্যাংশ হিসাবে বন্টন করা হইবে না বাগিয়া উক্ত সমিতি মনস্থ করিয়াছে।

সেইহেতু ১৯৬১ সনের বাণিজ্য সংগঠনের অধ্যাদেশের ৩ (২) (ডি) নং ধারা অনুসারে (১৯৬১ সনের অধ্যাদেশ নং ৪৫) সরকার সন্তুষ্ট হইয়া উক্ত সমিতিকে এই লাইসেন্স প্রদান করিলেন এবং ১৯৯৪ সনের কোম্পানী আইনের (১৯৯৪ সনের ১৮ নং আইন) আওতায় সীমিত দায় সহকারে উহার নামের সাথে “লিমিটেড” শব্দ ব্যবহার না করিয়া যৌথ মূলধন কোম্পানী ও ফার্মসমূহের নিবন্ধকের পরিদপ্তরে একটি কোম্পানী হিসাবে নিবন্ধিকরণ করিয়া লওয়ার জন্য নির্দেশ প্রদান করিলেন। নিম্নলিখিত শর্তাবলী সাপেক্ষে এই লাইসেন্স ইস্যু করা হইল :

- (ক) এই সমিতি ১৯৬১ সনের বাণিজ্য সংগঠন অধ্যাদেশের বিধি-বিধান সমূহ (যাহা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক অভিযোজিত হইয়াছে) পালন করিবে ;
- (খ) সংঘস্মারক ও সংঘবিধির সব বিধি বিধান মানিয়া চলিবে (অনুমোদিত সংঘস্মারক ও সংঘবিধির একটি কপি এতদসঙ্গে সংযুক্ত করা হইল) ;
- (গ) যে সকল শর্ত এবং বিধি-বিধান গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সময় সময় উপযুক্ত মনে করিয়া আরোপ করিবেন বা নির্ধারণ করিয়া দিবেন তাহা উক্ত সমিতি এর জন্য অবশ্য পালনীয় হইবে। এই ব্যাপারে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কোন নির্দেশ প্রদান করিলে সমিতিকে উহা সংঘস্মারক ও সংঘবিধির অথবা উহার যে কোন একটিতে তাহা অন্তর্ভুক্ত করিতে হইবে।

ইহা অদ্য দুই হাজার ছয় সালের একত্রিশ আগস্ট নিজ স্বাক্ষরে প্রদত্ত হইল।

(মাহবুবা মশকুর)  
উপ-সচিব

ও

পরিচালক, বাণিজ্য সংগঠন